



Peel District School Board (পিল ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড)এ বিশেষ শিক্ষা: Individual Education Plans (ব্যক্তিগত শিক্ষা পরিকল্পনাসমূহ) (IEP)

অভিভাবকদের জন্য একটি নির্দেশিকা

Individual Education Plan (ব্যক্তিগত শিক্ষা পরিকল্পনা)টি কি?

পরিকল্পনাটি হচ্ছে Peel District School Board (পিল ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড) এর জন্য আপনার সন্তানের শিখনে সহায়তা করার একটি পথ। আমরা আপনার সন্তানের আগ্রহ, কর্মক্ষমতা, চাহিদা এবং লক্ষ্যসমূহ বুঝতে চাই। এটা যে কোন বাচ্চাদের জন্য আমাদের জানা জরুরি। যেসব বাচ্চাদের বিশেষ শিক্ষণের প্রয়োজন, এই তথ্যটি একটি Individual Education Plan (ব্যক্তিগত শিক্ষা পরিকল্পনা) এ অন্তর্ভুক্ত করা হয়। পরিকল্পনাটি আমাদেরকে special education (বিশেষ শিক্ষা) কর্মসূচী অথবা সেবা প্রদানে সাহায্য করে, যা আপনার সন্তানের সাফল্যের জন্য প্রয়োজন।

পরিকল্পনাটি কিতাবে তৈরী?

আপনার সন্তানের স্কুলের special education (বিশেষ শিক্ষা)দল নিম্নলিখিত ব্যক্তিবর্গের সহায়তায় পরিকল্পনাটি লেখে,

- আপনার সন্তানের শিক্ষক
- অন্যান্য বিশেষজ্ঞ, যেমন পথনির্দেশক উপদেষ্টা, special education (বিশেষ শিক্ষা) কর্মচারিবৃন্দ যারা পূর্বে এই প্রক্রিয়ায় জড়িত ছিল, প্রধান শিক্ষক, এবং কমিউনিটি এজেন্সি অথবা সেবা কর্মচারীরা।
- অন্যান্য তথ্য যেমন পূর্ব Individual Education plan (ব্যক্তিগত শিক্ষা পরিকল্পনা), আপনার সন্তানের Ontario Student Record (অন্টারিও ছাত্র রেকর্ড), অথবা মূল্যায়ন (যেমন আপনার সন্তানের শিক্ষা, স্বাস্থ্য, অথবা ব্যবহার)
- আপনার পরিবার। অভিভাবক হিসাবে আপনি সর্বোত্তম পরিকল্পনা তৈরীতে একটি অত্যাবশ্যকীয় ভূমিকা পালন করেন। আপনি যে তথ্য প্রদান করেন তা স্কুলকে আপনার সন্তানের ব্যক্তিগত, বিকাশ, শিক্ষণ, এবং অনুরক্তিকে উপলব্ধি করতে সহায়তা করে। আপনার সন্তানও পরিকল্পনা তৈরীতে সম্পৃক্ত হতে পারে (এবং ১৬ বছরের পর পরামর্শ দান করার অধিকার রাখে)। যখন ছাত্ররা প্রক্রিয়ার অংশিদার হয়, যেমন শিক্ষা লক্ষ্য নির্ধারণে, তারা সাধারণত তাদের নিজস্ব শিখনের জন্য অধিকতর দায়িত্ব গ্রহণ করে।

আপনার সন্তানের special education (বিশেষ শিক্ষা)শুরু হবার ৩০ স্কুল দিনের মধ্যে এই পরিকল্পনাটি তৈরী হতে হবে। আপনি পরিকল্পনাটির একটি কপি পাবেন এবং আরেকটি যাবে আপনার সন্তানের Ontario Student Record (অন্টারিও ছাত্র রেকর্ড)।

পরিকল্পনাটি কি অন্তর্ভুক্ত করে?

শিক্ষকবৃন্দ এবং সহায়ক কর্মচারীগণ শিক্ষা পরিকল্পনাটি আপনার সন্তানের প্রয়োজন মিটাতে, এবং তার অগ্রগতি পর্যবেক্ষণ করতে ব্যবহার করে এই পরিকল্পনাতে যে তথ্য সমূহ রয়েছে সেগুলো হচ্ছে:

- ব্যতিক্রম এবং স্থাপনা
- আপনার সন্তানের শিখন প্রয়োজনাবলী, শিখনের ধরনাবলী, এবং মাননির্ধারনাবলী।

- বিষয়সমূহ, কোর্সসমূহ, অথবা কর্মসূচীসমূহ যেখানে আপনার সন্তান বিশেষ নির্দেশ, সহায়তা এবং/অথবা সেবা গ্রহন করছে।
- যে ধরনের সহায়তা এবং কৌশল আপনার সন্তানের সাহায্যের জন্য প্রয়োজন।
- লক্ষ্য এবং প্রত্যাশাসমূহ, যা আমাদেরকে আপনার সন্তান কি অর্জন করতে সক্ষম তা বলে, এবং আমাদেরকে সারা বছর শিখন পরিমাপ করতে সহায়তা করে।
- ১৪ বছর অথবা তার উপরে বাচ্চাদের জন্য একটি পরিকল্পনা, তাদের জীবনের পরবর্তী ধাপে মানিয়ে চলায়, যেমন উচ্চ বিদ্যালয়, অন্যান্য পড়া, কর্মস্থান, অথবা সামাজিক বসবাস করায় সাহায্য করা ।

বেশীরভাগ শিক্ষার্থীদের জন্য, অগ্রগতি তাদের রিপোর্ট কার্ডে লিপিবদ্ধ করা হবে। আপনার সন্তানের কর্মসূচীর উপর নির্ভর করে, আপনি **Individual Education Plan** (ব্যক্তিগত শিক্ষা পরিকল্পনা) এও অগ্রগতি লিপিবদ্ধ দেখতে পাবেন।

পরিকল্পনা পরিবর্তন সম্ভব কি?

সারা বছর ধরে, আপনার সন্তানের শিক্ষকগণ শিক্ষা পরিকল্পনায় সাফল্যজনক শিখন কৌশলের সংক্ষিপ্ত বিবরণ রাখবে, এবং কৌশলগুলোর সংশোধনও করতে পারে। এ সবই প্রক্রিয়াটির অংশ।

পরিকল্পনাটি সারা বছরের জন্য লক্ষ্য নির্ধারণ করে, এবং বাসরিকভাবে আনুষ্ঠানিক পর্যালোচনা এবং সাম্প্রতিককরণ করে। এতদসঙ্গে, স্কুল সারাবছর ধরে আপনার সন্তানের অগ্রগতি মূল্যায়ন করে। আমরা প্রয়োজনমত পরিবর্তন করব, যেমন নতুন লক্ষ্য নির্ধারণ, যদি আপনার সন্তানের শিখন প্রত্যাশার চেয়ে ভালো অথবা মন্দ হয়।

কোথায় আরও তথ্য পেতে পারেন?

Individual Education Plan (ব্যক্তিগত শিক্ষা পরিকল্পনা) এবং **special education** (বিশেষ শিক্ষা) সম্বন্ধে আরও জানতে, দয়া করে:

- আপনার সন্তানের শিক্ষকের অথবা প্রধান শিক্ষকের সাথে কথা বলুন।
- আপনার সন্তানের স্কুলের বিশেষ শিক্ষা শিক্ষকের সাথে যোগাযোগ করুন।
- **Peel District School Board** (পিল ডিস্ট্রিক্ট স্কুল বোর্ডের) এর www.peelschools.org/speced ওয়েবসাইট এ যান।
- **Ministry of Education** (শিক্ষা মন্ত্রনালয়) এর ওয়েবসাইট দেখুন www.edu.gov.on.ca, এলিমেন্টারি এবং সেকন্ডারি এডুকেশনে ক্লিক করুন, তার পর স্পেশাল এডুকেশন লিংকস-এ যান।
- **Peel District School Board** (পিল ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড)এ 905-890-1099 অথবা 1-800-668-1146, extension 2345 তে ফোন করুন।